

ইবিতে শিক্ষার্থীদের চাপে অর্থনীতি বিভাগের সভাপতির পদত্যাগ

ইবি প্রতিদিন

ইসলামী বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের সভাপতি ড. জাহাঙ্গীর আলম পদত্যাগ করেছেন। শিক্ষার্থীদের চাপের মুখে মঙ্গলবার তিনি পদত্যাগ করেন। সকাল সাড়ে ১০টায় বিভাগের শিক্ষার্থীরা ক্লাস-পরীক্ষা সংক্রান্ত বিষয় নিয়ে সভাপতির সাথে কথা বলতে গেলে এ ঘটনার সৃষ্টি হয়।

শিক্ষার্থীরা অভিযোগ করেন, বিভাগের সভাপতি ড. জাহাঙ্গীর আলম দীর্ঘদিন ধরে নিয়মিত ক্লাস-পরীক্ষা নিচ্ছেন না। তাছাড়া তিনি শিক্ষার্থীদের সাথে প্রতিনিয়ত খারাপ ও অশালিক ব্যবহার করে থাকেন। তারা জানায়, মঙ্গলবার বিভাগের শিক্ষার্থীরা ক্লাস-পরীক্ষা সংক্রান্ত বিষয় নিয়ে কথা বলতে গেলে সভাপতি তাদের ওপর চড়াও হন এতে শিক্ষার্থীরা ক্রুদ্ধ হয়ে বিভাগে তাল্লা লাগিয়ে দেয়। বিকোন্ড, মিছিল ও সমাবেশ করে সভাপতির পদত্যাগ দাবি করে। এসময় উপ-উপাচার্য অধ্যাপক কামাল উদ্দিন, প্রক্টর ড. মেহের আলী, ছাত্র উপদেষ্টা ড. সোকমান হাকিম, সহকারী প্রক্টর আনিসুর রহমান ঘটনাস্থলে এসে পরিস্থিতি শান্ত করার চেষ্টা করেন। কিন্তু বিক্রুদ্ধ শিক্ষার্থীরা সভাপতির পদত্যাগের জোর দাবি জানায়। এর পরিস্থিতিতে সভাপতি ড. জাহাঙ্গীর আলম বিভাগীয় শিক্ষকদের উপস্থিতিতে একটি পদত্যাগপত্র জমা দেন।

এ ব্যাপারে অর্থনীতি বিভাগের সভাপতি মো. জাহাঙ্গীর আলম বলেন, 'আমার বিরুদ্ধে যেসব অভিযোগ আনা হয়েছে তা মিথ্যা ও সাক্ষ্যহীন। কিছু ব্যক্তিগত সমস্যার কারণে আমি পদত্যাগ করেছি।'